সংবাদ

তারিখ ...... 31 AUG 2016
পৃষ্ঠা ৫ ...... কলাম ৭

# কালিহাতীর ৫৭ স্কুলে নেই প্রধান শিক্ষক, সহকারী শূন্য ১৮৬

**প্রতিনিধি, কালিহাতী (টাঙ্গাইল)**

টাঙ্গাইলের কালিহাতী উপজেলায় দীর্ঘদিন যাবত ৫৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে ১৮৬টি পদে। ফলে এসব স্কুলের পাঠদান ব্যাহত হচ্ছে। শিক্ষার্থীরা তাদের সঠিক সময়ে পাঠদান পেতে পিছিয়ে পড়ছে। ভূক্তভোগী বিদ্যালয়গুলোর মধ্যে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বে থাকা মালতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক রুবি রাণী মোদক বলেন, আমার স্কুলে প্রায় ৪৫০জন ছাত্র-ছাত্রী রয়েছে। এমনিতেই শিক্ষক সংকট, তার অপর দাপ্তরিক কাজের জন্য আমাকে ছোটাছুটি করতে হয় ফলে সঠিক ভাবে বিভিন্ন সময় পাঠদানে সমস্যা হয়। কালিহাতী উপজেলা সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আক্তার হোসেনসহ একাধিক শিক্ষক নেতারা জানান, চাহিদা মোতাবেক প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক সংকটের জন্য বিদ্যালয়ে শিক্ষার গুণগত মান ও প্রশাসনিক কাজ যথাসময়ে করতে পাচ্ছেনা। ফলে কোমলমতি শিক্ষার্থীরা ক্ষতির সম্মুখীন হচ্ছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জাকিয়া পারভিন জানান, কালিহাতী উপজেলায় ২টি পৌরসভা ও ১৩টি ইউনিয়নে ১৭২টি স্কুল রয়েছে। ২টি বাদে ১৭০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৫৭ বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ এবং ১৮৬ সহকারি শিক্ষক পদ শূন্য রয়েছে তবে প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয়ে সিনিয়র সহকারি শিক্ষক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করে-আসছে। বিদ্যালয়ের দাপ্তরিক কাজ করার জন্য সহকারি শিক্ষকদের বাড়তি পাঠদান এবং বিভিন্ন কার্যক্রম চালিয়ে যেতে হচ্ছে। যার ফলে শিক্ষা কার্যক্রমে অসুবিধা দেখা দেয়। তিনি আরো জানান, প্রাথমিক শিক্ষা কমিটির সভায় একাধিকবার কথা বলা হয়েছে। প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকের পদ শূন্য থাকার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেছেন।